



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
প্রশাসন ইউনিট-১, সদর দপ্তর
www.caab.gov.bd



নম্বর: ৩০.৩১.০০০০.২২১.৬৫.২৩২.১৮.৩৬৫০

৪ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৭ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ফায়ার কন্ট্রোল বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকায় কর্মরত জনাব হেলাল উদ্দিন, উচ্চমান সহকারী, ফলোআপ চিকিৎসার জন্য বহিঃ বাংলাদেশ (ভারত) ভ্রমণ করবেন বিধায় তাঁর অনুকূলে আগামী ১৫/০৪/২০২৪ তারিখ অথবা বাস্তব ভ্রমণের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিন অর্জিত ছুটি (বহিঃ বাংলাদেশ) মঞ্জুরীসহ ভারত ভ্রমণের অনুমতি প্রদান করা হলো:

বিদেশ ভ্রমণের শর্তাবলী নিম্নরূপ:

- (ক) উক্ত ভ্রমণের যাবতীয় ব্যয়ভার তিনি চাকুরির বেতন ও সঞ্চয়কৃত অর্থ হতে বহন করবেন এবং এতে বাংলাদেশ সরকার বা বেবিচ কর্তৃপক্ষের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (খ) মঞ্জুরীকৃত ছুটির অতিরিক্ত সময় তিনি বিদেশে অবস্থান করতে পারবেন না;
- (গ) ছুটিকালীন সময়ে তিনি বাংলাদেশি মুদ্রায় বেতন-ভাতাদি প্রাপ্য হবেন এবং
- (ঘ) দেশে প্রত্যাবর্তনের পর তাঁকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বেবিচ কর্তৃপক্ষ'কে অবহিত করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৭-০৪-২০২৪

মোঃ নিজাম উদ্দিন

সহকারী পরিচালক (মানব সম্পদ উন্নয়ন)

নম্বর: ৩০.৩১.০০০০.২২১.৬৫.২৩২.১৮.৩৬৫০/১ (৮)

৪ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৭ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর;
- ২। নির্বাহী পরিচালক (হাশাআবি), নির্বাহী পরিচালক (হাশাআবি) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
- ৩। পরিচালক (প্রশাসন), পরিচালক (প্রশাসন) এর দপ্তর, প্রশাসন বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
- ৪। পরিচালক (ফায়ার) (চলতি দায়িত্ব), ফায়ার কন্ট্রোল বিভাগ, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সংশ্লিষ্ট কর্মকর্তার বহিঃ বাংলাদেশ ভারত ভ্রমণ ছুটি ভোগের পর কর্মস্থলে যোগদান করলে তাকে তা অত্র কর্তৃপক্ষ সদর দপ্তর, প্রশাসন বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো);
- ৫। পরিচালক (সিএনএস), পরিচালক(সিএনএস) এর দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৬। পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পাসপোর্ট ও ইমিগ্রেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এবং
- ৮। সীট মুদ্রাঙ্কনিক কাম-কম্পিউটার অপারেটর, প্রশাসন(হাশাআবি)-১, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।



A handwritten signature in black ink, appearing to be 'M. Nizamuddin'.

১৭-০৪-২০২৪

মোঃ নিজাম উদ্দিন

সহকারী পরিচালক (মানব সম্পদ উন্নয়ন)